

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা  
www.dncrp.gov.bd

নম্বরঃ ২৬.০৪.০০০০.১১১.১৬.০৯২.১৬. ৩৭৩

তারিখঃ ৬ আগস্ট ২০১৭

প্রাপকঃ

উপ পরিচালক

..... বিভাগীয় কার্যালয়

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

.....।

**বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থবছরের APA লক্ষ্য মাত্রা অনুযায়ী বাজার তদারকি কার্যক্রম পরিচালনা, গণশুনানীকরণ এবং লিফলেট, প্যাম্পলেট ও পোস্টার বিতরণ।**

সূত্র: ১। অত্র দপ্তরের প্রশাসন শাখার ইউ.ও নোট নং-৫২৫, তারিখ: ২৬ জুলাই ২০১৭।

২। অত্র দপ্তরের কার্যক্রম শাখার ২৬.০৪.০০০০.১১১.১৬.০৯২.১৬.১২৬, তারিখ: ৩০ মে ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থ বছরের Annual Performance Agreement (APA) চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সে অনুযায়ী পূর্বের নির্ধারিত লক্ষ্যমাত্রা বাতিলপূর্বক নতুন করে ২০১৭-২০১৮ অর্থ বছরে দেশব্যাপি ৩৩০০টি বাজার তদারকি কার্যক্রম পরিচালনা, ভোক্তা-সচেতনতা বৃদ্ধির জন্য ৮০টি গণশুনানী সম্পন্ন করণ এবং লিফলেট ৩.২৫ লক্ষ, প্যাম্পলেট ৩.০০ লক্ষ ও পোস্টার ০.৮০ লক্ষ মুদ্রণ ও বিতরণের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে। সে মোতাবেক জুলাই ২০১৭ মাস থেকে জুন ২০১৮ মাস পর্যন্ত APA লক্ষ্য মাত্রা অর্জনের লক্ষ্যে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও এর আওতাধীন অফিসসমূহ কর্তৃক নিম্নোক্ত (ছক) সংখ্যক বাজার তদারকিমূলক কার্যক্রম পরিচালনা, গণশুনানীকরণ এবং লিফলেট, প্যাম্পলেট ও পোস্টার বিতরণের জন্য অনুরোধ করা হলো।

ক) বাজার তদারকির লক্ষ্য মাত্রা:

ক্রমিক	বিভাগের নাম	প্রতিমাসে ন্যূনতম বাজার তদারকির সংখ্যা
১	ঢাকা	৮০
২	চট্টগ্রাম	৪৫
৩	রাজশাহী	২৫
৪	সিলেট	২৫
৫	খুলনা	৪০
৬	বরিশাল	৩৫
৭	রংপুর	২৫
	মোট	২৭৫


খ) লিফলেট, প্যাম্পলেট ও পোস্টার বিতরণের লক্ষ্য মাত্রা:

কার্যালয়ের নাম	লিফলেট	প্যাম্পলেট	পোস্টার
প্রধান কার্যালয়	২২,০০০	১২,০০০	৮,০০০
ঢাকা বিভাগীয় কার্যালয়	৮০,০০০	৮০,০০০	২২,০০০
চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়	৫০,০০০	৫০,০০০	১২,০০০
খুলনা বিভাগীয় কার্যালয়	৩৯,০০০	৩৫,০০০	১১,০০০
রাজশাহী বিভাগীয় কার্যালয়	৪৫,০০০	৪৫,০০০	৯,০০০
বরিশাল বিভাগীয় কার্যালয়	২৬,০০০	২৩,০০০	৬,০০০
সিলেট বিভাগীয় কার্যালয়	২৫,০০০	২০,০০০	৪,০০০
রংপুর বিভাগীয় কার্যালয়	৩৮,০০০	৩৫,০০০	৮,০০০
মোট	৩,২৫,০০০	৩,০০,০০০	৮০,০০০

## গ) গণশুনানীর লক্ষ্য মাত্রা:

কার্যালয়ের নাম	প্রতিমাসে গণশুনানীর সংখ্যা	মন্তব্য
প্রধান কার্যালয়	৪	APA লক্ষ্য মাত্রা অনুযায়ী ৮০টি গণশুনানী করনের নির্দেশনা থাকলেও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ ব্যাপক প্রচারের লক্ষ্যে প্রতিটি বিভাগীয় ও জেলা কার্যালয়ে প্রতি মাসে ১টি করে, প্রধান কার্যালয় ৪টি করে প্রতি মাসে মোট ৭৫টি গণশুনানী করতে হবে।
ঢাকা বিভাগীয় কার্যালয়	১৮	
চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়	১২	
খুলনা বিভাগীয় কার্যালয়	১১	
রাজশাহী বিভাগীয় কার্যালয়	৯	
বরিশাল বিভাগীয় কার্যালয়	৭	
সিলেট বিভাগীয় কার্যালয়	৫	
রংপুর বিভাগীয় কার্যালয়	৯	
মোট	৭৫	

এমতাবস্থায়, প্রতিমাসের জন্য প্রণীত বাজার তদারকি কর্মসূচী পূর্ববর্তী মাসের ২০/২১ তারিখের মধ্যে প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট সকলকে কর্মসূচী সম্পর্কে অবহিত করতে হবে এবং প্রধান কার্যালয়ে অনুলিপি প্রেরণ করতে হবে। কেন্দ্রীয়ভাবে প্রেস বিজ্ঞপ্তি প্রদানের লক্ষ্যে প্রতিদিনের বাজার তদারকির তথ্য ঐ দিন বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে কার্যক্রম শাখায় ই-মেইলযোগে [ad-operation@dncrp.gov.bd](mailto:ad-operation@dncrp.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উপ-পরিচালকগণ স্ব-স্ব অধিক্ষেত্রের জেলা কার্যালয়সমূহে প্রয়োজনীয় সংখ্যক বাজার তদারকিকরণ, গণশুনানীকরণ এবং লিফলেট, প্যাম্পলেট ও পোস্টার উপবরাদ্দপূর্বক যথাযথভাবে প্রচারের বিষয়টি নিশ্চিত করবেন এবং বাজার তদারকি, গণশুনানী এবং লিফলেট, প্যাম্পলেট ও পোস্টার বিতরণের ত্রৈমাসিক রিপোর্ট প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

  
 (ড. মোঃ শাহাদাত হোসেন)  
 পরিচালক (কাগ) ও যুগ্ম সচিব  
 ই-মেইলঃ [shahadat52862000@yahoo.com](mailto:shahadat52862000@yahoo.com)  
 ফোনঃ ০২-৮১৮৯০৪৪  
 ফ্যাক্সঃ ০২-৮১৮৯৪২৫, ৮১৮৯০৪৫

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অফিস কপি।